

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুগ্ম জেলা জজ ১ম আদালতের কার্যালয়, কক্সবাজার।

নিয়োগ বিজ্ঞপ্তি

নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১, কক্সবাজার এ 'স্টেনোগ্রাফার-কাম কম্পিউটার অপারেটর' এর নিম্নলিখিত শূন্যপদে অস্থায়ীভাবে জনবল নিয়োগের নিমিত্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা।
১।	স্টেনোগ্রাফার-কাম কম্পিউটার অপারেটর	০১টি	১১,০০০/-২৬,৫৯০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	(ক) যে কোন স্বীকৃত বোর্ড হইতে ন্যূনতম উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে সার্টিফি ও কম্পিউটার কোর্সের সনদ প্রাপ্ত হইতে হইবে। (গ) সার্টিফিকেটে প্রতি মিনিটে ইংরেজিতে ১০০ শব্দ ও বাংলায় ৮০ শব্দ লেখার গতি অবশ্যই থাকিতে হইবে। (ঘ) কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩৫ শব্দ এবং বাংলায় প্রতি মিনিটে ৩০ শব্দ টাইপিং গতি অবশ্যই থাকিতে হইবে।

‘শর্তাবলী’

- ১। প্রার্থীকে নিম্নলিখিত বিষয়সমূহ উল্লেখ পূর্বক চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও যুগ্ম জেলা জজ, ১ম আদালত, কক্সবাজার বরাবর নিজ স্বাক্ষরযুক্ত আবেদনপত্র দাখিল করিতে হইবে।
(ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) শিক্ষাগত যোগ্যতা (ছ) বয়স (জ) জন্ম তারিখ (ঝ) জাতীয়তা (ঞ) জাতীয় পরিচয়পত্র নম্বর (ট) ধর্ম (ঠ) নিজ জেলা (ড) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করিতে হইবে।
- ২। আবেদনপত্র আগামী ১৪.১০.২০২১ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময় ডাকযোগে অথবা সরাসরি চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, যুগ্ম জেলা জজ, ১ম আদালত, কক্সবাজার বরাবর পৌছাইতে হইবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হইবে না।
- ৩। প্রার্থীর বয়স ০১.১০.২০২১ খ্রিঃ তারিখে ১৮-৩০ বৎসরের মধ্যে হইতে হইবে। তবে, প্রার্থী যদি মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হন সে ক্ষেত্রে তাদের বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের আবেদনপত্রের সহিত মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি (যাহা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) দাখিল করিতে হইবে। বয়সের ক্ষেত্রে কোন হলফনামা গ্রহণ করা হইবে না।
- ৪। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করিতে হইবেঃ
(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
(খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি রসিদ ছবি।
(গ) প্রথম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।
(ঘ) ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়র বা ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত অনুলিপি।
(ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।
(চ) প্রার্থীর নাম ঠিকানা সহ ১০ (দশ) টাকার ডাক টিকেট সম্বলিত ৯.৫ ইঞ্চি X ৪.৫ ইঞ্চি মাপের একটি ফেরত খাম।
(ছ) চাকুরীরত প্রার্থীকে অবশ্যই কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।
- ৬। পরীক্ষার ফি বাবদ ১০০/- টাকার অফেরতযোগ্য পোস্টাল অর্ডার যুগ্ম জেলা জজ, ১ম আদালত, কক্সবাজার বরাবর দাখিল করিতে হইবে।
- ৭। মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট কাগজপত্রের মূল সনদ দাখিল করিতে হইবে।
- ৮। নিয়োগ সংক্রান্ত সরকারি যাবতীয় বিধি বিধান ও আনুষ্ঠানিকতা যথাযথভাবে অনুসরণ করা হইবে।
- ৯। খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করিতে হইবে।
- ১০। ছবি ও প্রয়োজনীয় কাগজপত্র সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নামসহ সীল ব্যবহার করিতে হইবে। ১১। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।
- ১২। উপযুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রবেশপত্রের মাধ্যমে জানানো হইবে।
- ১৩। এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১৪। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- ১৫। পরীক্ষায় অংশগ্রহণকারীদেরকে কোন টি.এ/ডিএ প্রদান করা হইবে না।

(মাহমুদুল হাসান)

যুগ্ম জেলা জজ ১ম আদালত, কক্সবাজার
ও চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি।